গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাজেট-১ অধিশাখা

নং-৪৪.০০.০০০০.০২৪.০৫.০১৯.২০১৮ - তারিখঃ ২৮/০১/২০১৯খ্রিঃ।

বিষয় ঃ ২৪/০১/২০১৯ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ মোস্তাফা কামাল উদ্দীন, সচিব, জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
স্থান ঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।
সভার তারিখ ও সময় ঃ ২৪/০১/২০১৯, সকাল ১১.০০ ঘটিকা।
উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

বাজেট ব্যবস্থাপনা কমিটির সভাপতি সচিব, জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর সভাপতিত্বে ২৪/০৩/২০১৯ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে এক সভা অনুষ্ঠিত হয়। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (বাজেট) সভা পরিচালনা করেন। অতঃপর সভাপতির সম্মতিক্রমে আলোচ্যসুচি অনুযায়ী উপসচিব (বাজেট) সভার কার্যপত্র উপস্থাপন করেন।

০২। চলতি ২০১৮-২০১৯ অর্থবছরের সংশোধিত বাজেট এবং জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তরের বাজেট কাঠামো অগ্রগতি ও পর্যালোচনা এবং ২০১৯-২০২০ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা, উন্নয়ন ও অনুন্নয়ন খাতে প্রস্তাবিত প্রাক্কলন বিস্তারিতভাবে সভায় উপস্থাপন করা হয়।

০৩। সভায় উপস্থিত জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন সকল দপ্তর/অধিদপ্তরের প্রতিনিধিবৃন্দ স্ব-স্ব প্রতিষ্ঠানের বাজেটে অতিরিক্ত চাহিদার যৌক্তিকতা পর্যায়ক্রমে নিম্নরূপভাবে সভাকে অবহিত করেনঃ

(ক) জননিরাপত্তা বিভাগ এর সচিবালয় শাখার চাহিদার বিষয়ে অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) জানান যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয় দুইভাগে বিভক্ত হওয়ার পর শাখা অধিশাখার সংখ্যা বৃদ্ধি পেয়েছে এবং অনেক কর্মকর্তা ও কর্মচারীর বসার ব্যবস্থা নেই। তাছাড়া ৮নং ভবন অনেক পুরাতন ভবন এটি বর্তামানে রেনোভেসন করে ব্যবহার উপযোগী করা প্রয়োজন। লিফট ও সিড়ি জড়াজীর্ন হওয়ায় নতুন লিফট ও সিড়ি সংযোজন করা প্রয়োজন। না হলে যে কোন সময় দূর্ঘটনা ঘটতে পারে। এ বিষয়ে গণপূর্ত অধিদপ্তর-কে পত্র দেয়া হয়েছে। তারা মূল্যায়ন করে একটি চাহিদা প্রেরণ করেছে। তাছাড়া নতুন অফিসারদের বসার চেয়ার টেবিল ও অন্যান্য অফিস সরঞ্জাম ক্রয়ের চাহিদা বৃদ্ধি পাওয়ায় জননিরাপত্তা বিভাগ এর সচিবালয় শাখায় চলতি ২০১৮-২০১৯ অর্থবছরে আরো ৮.০০ কোটি টাকা অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন। সভায় উপস্থিত সকলে বিষয়টি অতিপ্রয়োজন ও যৌক্তিক মর্মে মত দেন। জরুরী প্রয়োজনে চাহিত অর্থ পুন:উপযোজনের মাধ্যমে সংস্থান করা জন্য সকলে মত দেন।

(খ) বাংলাদেশ পুলিশ এর প্রতিনিধি অতিরিক্ত ডিআইজি (অর্থ), জনাব মোঃ মাহবুবুর রহমান জানান যে, বাংলাদেশ পুলিশের যানবাহন ক্রয়ের প্রকল্পের অর্থ, রংপুর ও গাজীপুর সিটিকর্পোরেশনের জন্য বরাদ্দ, নতুন নতুন ইউনিট গঠনের ফলে নিয়োজিত জনবল এর বেতন ভাতা, খাদ্য, বাসস্থান নির্মাণ,পেট্রোল ও লুব্রিকেন্ট, সরবরাহ ও সেবা, মেরামত ও সংরক্ষণ, সম্পদ সংগ্রহ/ক্রয়, ভুমি অধিগ্রহণ, অন্যান্য ভবন ও অবকাঠামো নির্মাণ, থানা, ফাড়ি মেরামত ও সংস্কার, হস্তান্তরিত নতুন ভবনের আসবাবপত্র ক্রয় এবং আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নাশকতা প্রতিরোধের জন্য গোয়েন্দা কার্যাবলী খাতে অতিরিক্ত বরাদ্দসহ চলতি চলতি ২০১৮-২০১৯ অর্থবছরের সংশোধিত বাজেটে ১৮৭৩.৫৮ কোটি টাকা, উন্নয়ন বাজেটে ১৫১৮.১৫ কোটি টাকা এবং আগামী ২০১৯-২০২০ অর্থবছরে ৩৪৪২.৪২ কোটি টাকা; উন্নয়ন বাজেটে ১৩৯০.০০ কোটি টাকা বরাদ্দের জন্য অনুরোধ জানান। তাছাড়া, বাংলাদেশ পুলিশ বাহিনীকে আধুনিক ও যোগপযোগী করে গড়ে তোলার লক্ষ্যে নতুন পুলিশ নিয়োগ, অস্ত্র ও গোলাবারুদ ক্রয়, কম্পিউটার সামগ্রী ক্রয়, সিগনাল/ওয়ারলেস, কম্পিউটার সফটওয়ার ক্রয় বাবদ অতিরিক্ত অর্থ বরাদ্দের প্রয়োজন।

(গ) বর্ডার গার্ড বাংলাদেশ এর প্রতিনিধি কর্নেল জনাব ফরিদ জানান যে, বর্ডার গার্ড বাংলাদেশ এর হেলিকপ্টার ক্রয়ের কিস্তি পরিশোধ, ৬৩ বিজিবি ব্যাটালিয়ন, নারায়নগঞ্জ এর জমি অধিগ্রহণ, সীমান্তে সার্ভিলেন্স টাওয়ার ও ইক্যুপমেন্ট ক্রয় ও স্থাপন, যানবাহন ক্রয়, নারায়নগঞ্জ ও গাজীপুর জেলায় বিজিবির নতুন ইউনিট গঠন এর ফলে ভুমি অধিগ্রহণ, বিজিবি পুনর্গঠন, এয়ার উইং,০৪টি অবকাঠামো স্থাপন,সীমান্ত নিরাপত্তা সড়ক নির্মাণ, সরঞ্জাম ও যন্ত্রপাতি ক্রয়, গোয়েন্দা কার্যাবলী এবং আগামী ২০১৯-২০২০ অর্থবছরে পরিচালন বাজেটে ১০০৪.৯৭ কোটি টাকা; উন্নয়ন বাজেটে ২০০.০০ কোটি টাকা বরাদ্দের জন্য অনুরোধ জানান। বিজিবির ২য় পর্যায়ের পুণ:র্গঠনের আওতায় নবগঠিত রিজিয়ন সৃষ্টি, বিওপি নির্মাণ, বেতন স্কেল বাস্তবায়ন, এয়ার উইং সৃজন, ভুমি অধিগ্রহণ, ডগ স্কোয়াড সৃজন বাবদ অতিরিক্ত অর্থ বরাদ্দের জন্য অনুরোধ করা হয়েছে।

(ঘ) বাংলাদেশ আনাসার ও ভিডিপি'র প্রতিনিধি পরিচালক(অর্থ), জনাব মসাহিদুজ্জামান জানান যে, চলতি ২০১৮-২০১৯ অর্থ বছরে সংশোধিত বাজেটে নতুন ব্যাটালিয়ন সৃজন, প্রশিক্ষণ, যানবাহন মেরামত, যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জামাদি ক্রয় এবং ভুমি অধিগ্রহণের জন্য পরিচালন বাজেটে ৭৮.৩৯ কোটি টাকা বরাদ্দ প্রদান করার জন্য অনুরোধ জানান এবং আগামী ২০১৯-২০২০ অর্থ বছরে অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন নাই মর্মে অভিমত ব্যক্ত করেন।

(ঙ) বাংলাদেশ কোস্ট গার্ড এর প্রতিনিধি জনাব এ এম কুদরত উল্লাহ, পরিচালক লজিস্টিক জানান যে, চলতি ২০১৮-২০১৯ অর্থ বছরে সংশোধিত বাজেটে যন্ত্রপাতি ও সরঞ্জাম ক্রয় এবং ভুমি অধিগ্রহণের জন্য ৭০০.০০ কোটি টাকা অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন।

চলমান পাতা-২

(চ) আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুন্যাল ও তদন্ত সংস্থার প্রতিনিধি জনাব মোঃ ওবায়েদ উল্লাহ, সহকারী পরিচালক(প্রশাসন ও অর্থ) জানান যে, চলতি ২০১৯-২০১৯ অর্থবছরে সংশোধিত বাজেটে ২৫.০০ লক্ষ টাকা মটরযান ক্রয়, পানি, অন্যান্য ভবন খাতে অতিরিক্ত অর্থ বরাদ্দ এবং আগামী আগামী ২০১৯-২০২০ অর্থবছরে বাজেটে ১৭.০০ লক্ষ টাকা বরাদ্দের জন্য অনুরোধ জানান।

(ছ) এনটিএমসি'র প্রতিনিধি জানান যে, চলতি ২০১৮-২০১৯ অর্থবছরে সংশোধিত বাজেটে পরিচালন বাজেটের যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম খাত হতে Open Source Intelligent (OSINT) ক্রয়; সিডি/ভ্যাট পরিশোধ বাবদ ১৯১.০০ কোটি টাকা অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন আগামী ২০১৯-২০২০ অর্থ বছওে ৫০০.০০ কোটি টাকা অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন রয়েছে।

০৪। জননিরাপত্তা বিভাগ এর নিরাপত্তা যন্ত্রপাতি ক্রয়, নির্মান ও পূর্ত, এবং অন্যান্য বাবদ চলতি অর্থবছরে সংশোধিত বাজেটে ব্যাপকভাবে ব্যয় বৃদ্ধি পেয়েছে। চলতি ২০১৮-২০১৯ অর্থবছরে জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তরসমূহের সংশোধিত বাজেটে অনুন্নয়ন ও উন্নয়ন উভয় খাতে যথাক্রমে ৫৬৯৫,৫২,২৩,০০০/- (পাঁচ হাজার ছয়শত পঁচানব্বই কোটি বায়ান্ন লক্ষ তেইশ হাজার) টাকা এবং ১৩৫৫,৪৭,০০,০০০/-(এক হাজার তিনশত পঞ্চান্ন কোটি সাতচল্লিশ লক্ষ পণের হাজার) টাকাসহ (৫৬৯৫,৫২,২৩,০০০/-+ ১৩৫৫,৪৭,০০,০০০/-)=৭০৫০,৯৯,২৩,০০০/- **(সাত হাজার পঞ্চাশ কোটি নিরানব্বই লক্ষ তেইশ হাজার)** টাকা নিম্নেবর্ণিত ছক (ক) অনুযায়ী অতিরিক্ত অর্থ বরাদ্দের জন্য সর্বসম্মতিক্রমে সুপারিশ গৃহীত হয়ঃ

**ছক-'ক'**

(অংক সমূহ হাজার টাকায়)

| ক্রঃ নং | মন্ত্রণালয়/দপ্তর/অধিদপ্তর | পরিচালন | | | উন্নয়ন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | ২০১৮-২০১৯ অর্থ বছরের বাজেট | ২০১৮-২০১৯ অর্থবছরের সংশোধিত বাজেটে অতিরিক্ত চাহিদা। | ২০১৮-২০১৯ অর্থবছরের সংশোধিত বাজেটে সর্বমোট চাহিদা। | ২০১৮-২০১৯ অর্থ বছরের বাজেট | ২০১৮-২০১৯ অর্থবছরের সংশোধিত বাজেটে অতিরিক্ত চাহিদা। | ২০১৮-২০১৯ অর্থবছরের সংশোধিত বাজেটে সর্বমোট চাহিদা। |
| | | | | | | | |
| ১ | জননিরাপত্তা বিভাগ | ২০৫,১৬,০০ | ৮,৬৭,৯০ | ২১৩,৮৩,৯০ | ৯৮,০০ | (+)৯৭,০০ | ১,৯৫,০০ |
| ২ | উপদেষ্টা বোর্ড | ১১,২০ | - | ১১,২০ | - | - | - |
| ৩ | তদন্ত সংস্থা | ১৬,৫১,৩০ | ২৫,০০ | ১৬,৭৬,৩০ | - | - | - |
| ৪ | এনটিএমসি | ৩৮৬,১৬,০০ | ১৯১,০০,০০ | ৫৭৭,১৬,০০ | - | - | - |
| ৫ | ইন্টারপোল | ৭০,০০ | - | ৭০,০০ | - | - | - |
| ৬ | বাংলাদেশ পুলিশ | ১৩৭৫১,৮১,৭৬ | ১৮৭৩,৫৮,৩৮ | ১৫৬২৫,৪০,১৪ | ৪৮৮,২৩,০০ | (+)১৫১৮,১৫,১৮ | ২০০৬,৪১,০০ |
| ৭ | বর্ডার গার্ড বাংলাদেশ | ৩৩৩৪,৪৪,৪৭ | ২৯৪২,৬২,৬০, | ৬২৭৭,০৭,০৭ | ২৭৬,৬২,০০ | (-)৩৯,১৫,০০ | ২৩৭,৪৭,০০ |
| ৮ | বাংলাদেশ কোষ্ট গার্ড | ৬৭৫,৬৩,০০ | ৬০০,৯৯,৫৫ | ১২৭৬,৬২,৫৫ | ৩৮২,৭৫,০০ | (-)৫৬,৭৩,০০ | ৩২৬,০২,০০ |
| ৯ | আনসার ও ভিডিপি | ১৭৯৮,১৮.৯৭ | ৭৮,৩৮,৮০ | ১৮৭৬,৫৭,৭৭ | ৫৮,৬৪,০০ | (-)১৭,৩৯,০০ | ৪১,২৫,০০ |
| ১০ | থোক বরাদ্দ | - | - | - | ৫০,৪১,০০ | - | - |
| | মোট = | ২০১৬৮,৭২,৭০ | ৫৬৯৫,৫২,২৩ | ২৫৮৬৪,২৪,৯৩ | ১২৫৭,৬৩,০০ | (+)১৩৫৫,৪৭,০০ | ২৬১৩,১০,০০ |
| **(পরিচালন+ উন্নয়ন)কথায়= (সাত হাজার পাঁচশত উনত্রিশ কোটি নিরানব্বই লক্ষ তেইশ হাজার) টাকা অতিরিক্ত চাহিদা।** | | | | | | | |

০৪। সভায় ২০১৯-২০২০ অর্থবছরের জন্য নির্ধারিত বাজেট সিলিং এর মধ্যে খাতওয়ারী বিভাজন সভায় পেশ করা হয়। ২০১৯-২০২০ অর্থবছরে জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন দপ্তর/অধিদপ্তর এর মধ্যে বাংলাদেশ পুলিশ, বর্ডারগার্ড বাংলাদেশ, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, বাংলাদেশ কোস্টগার্ড, এনটিএমসি এবং আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুন্যাল ও তদন্ত সংস্থার অতিরিক্ত চাহিদা বাবদ পরিচালন ও উন্নয়ন উভয় খাতে যথাক্রমে ৫৯৮৩,২৬,৬৮,০০০/- পাঁচ হাজার নয়শত তিরাশি কোটি ছাব্বিশ লক্ষ আটষট্টি হাজার) টাকা এবং ১৭৪৫,৯২,১৫,০০০/- (এক হাজার সাতশত পঁয়তাল্লিশ কোটি বিরানব্বই লক্ষ পণের হাজার) টাকা টাকাসহ সর্বমোট=৭৭২৯,১৮,৮৩,০০০/- **(সাত হাজার সাতশত উনত্রিশ কোটি আঠার লক্ষ তিরাশি হাজার)** টাকা নিম্নেবর্ণিত ছক "খ" অনুযায়ী অতিরিক্ত অর্থ প্রাক্কলনের অন্তর্ভূক্তীর জন্য উপস্থিত প্রতিনিধিগণ অনুরোধ জানান।

চলমান পাতা-৩

**ছক-‘খ’**

পরিচালন ও উন্নয়ন খাতে প্রস্তাবিত ব্যয়সীমা (অংকসমূহ হাজার টাকায়)

| নং | মন্ত্রণালয়/দপ্তর/ অধিদপ্তর | পরিচালন | | | উন্নয়ন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | ২০১৯-২০২০ অর্থবছরের বাজেট প্রাক্কলন | ২০১৯-২০২০ অর্থবছরের বাজেট প্রাক্কলনে অতিরিক্ত চাহিদা | ২০১৯-২০২০ অর্থবছরে সর্বমোট বাজেট প্রাক্কলন | ২০১৯-২০২০ অর্থবছরের বাজেট প্রাক্কলন | ২০১৯-২০২০ অর্থবছরের বাজেট প্রাক্কলনে অতিরিক্ত চাহিদা | ২০১৯-২০২০ অর্থবছরে সর্বমোট বাজেট প্রাক্কলন |
| | | | | | | | |
| ১ | জননিরাপত্তা বিভাগ | ২২৭,৮৫,৯০ | ২০,০০,০০ | ২৪৭,৮৫,৯০ | ৭৮,০০ | - | ৭৮,০০ |
| ২ | উপদেষ্টা বোর্ড | ১০,৯৮ | - | ১০,৯৮ | - | - | - |
| ৩ | তদন্ত সংস্থা | ১৬,৮৩,০০ | ১৭,০০ | ১৭,০০,০০ | - | - | - |
| ৪ | এনটিএমসি | ২০৯,২০,৫১ | ৫০০,০০,০০ | ৭০৯,২০,৫১ | ১৫,০০,০০ | - | ১৫,০০,০০ |
| ৫ | ইন্টারপোল | ৭০,০০ | - | ৭০,০০ | - | - | - |
| ৬ | বাংলাদেশ পুলিশ | ১৪৮২২,৫৪,২১ | ৩৪৪২,৪২,০০ | ১৮২৬৪,৯৬,২১ | ৬১০,০০,০০ | ১৩৯০,০০,০০ | ২০০০,০০,০০ |
| ৭ | বর্ডার গার্ড বাংলাদেশ | ৩৫৬০,১৭,৯৮ | ১০০৪,৯৭,৪২ | ৪৫৬৫,১৫,৪০ | ২৩০,০০,০০ | ২০০,০০,০০ | ৪৩০,০০,০০ |
| ৮ | বাংলাদেশ কোস্ট গার্ড | ৬৬৯,২৯,২৫ | ১০১৫,৭০,২৬ | ১৬৮৪,৯৯,৫১ | ২৫০,০০,০০ | ১৫০,০০,০০ | ৪০০,০০,০০ |
| ৯ | আনসার ও ভিডিপি | ১৬৯২,৬৫,৩২ | - | ১৬৯২,৬৫,৩২ | ১০৫,০০,০০ | - | ১০৫,০০,০০ |
| | মোট= | ২১১৯৯,৩৭,১৫ | ৫৯৮৩,২৬,৬৮ | ২৭১৮২,৬৩,৮৩ | ১২১০,৭৮,০০ | ১৭৪০,০০,০০ | ২৯৫০,৭৮,০০ |
| ১০ | উন্নয়ন কর্মসুচি | -- | -- | -- | -- | - | - |
| ১১ | থোক বরাদ্দ | - | - | - | ৪৩,২৯,৮৫ | ৫,৯২,১৫ | ৪৯,২২,০০ |
| | মোট পরিচালন ও উন্নয়ন ব্যয় | ২১১৯৯,৩৭,১৫ | ৫৯৮৩,২৬,৬৮ | ২৭১৮২,৬৩,৮৩ | ১২৫৪,০৭,৮৫ | ১৭৪৫,৯২,১৫ | ৩০০০,০০,০০ |

০৫। তাছাড়া ২০১৮-২০১৯ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা: ২০১৯-২০২০ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন এবং ২০২০-২০২১ ও ২০২১-২০২২ অর্থবছরের রজস্ব প্রাপ্তির প্রক্ষেপন এবং পরিচালন ও উন্নয়ন বাজেটের ২০২০-২০২১ ও ২০২১-২০২২ অর্থ বছরের বাজেট ‘গ’ ও ‘ঘ’ নিম্নরূপঃ

**ছক-‘গ’**

রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা/প্রক্ষেপন (অংকসমূহ হাজার টাকায়)

| ক্রঃনং | জননিরাপত্তা বিভাগ/ দপ্তর/অধিদপ্তর | রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ২০১৮-২০১৯ | রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রার প্রাক্কলন ২০১৯-২০২০ | রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রার প্রক্ষেপন ২০২০-২০২১ | রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রার প্রক্ষেপন ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|
| ০১ | জননিরাপত্তা বিভাগ /সচিবালয় | ১১,৭১,০০ | ১৪,২৩,৬৪ | ১৫,৯৩,৭৫ | ১৭,৮৫,০০ |
| ০২ | বাংলাদেশ পুলিশ | ৬১৫,১১,০০ | ৬৮৮,৫০,৮২ | ৭৭১,১২,৯১ | ৮৬৩,৬৬,৫৫ |
| ০৩ | বর্ডার গার্ড বাংলাদেশ | ১৩,৮৮,০০ | ১৫,৫৪,৪১ | ১৭,৪০,৯৩ | ১৯,৪৯,৮৪ |
| ০৪ | আনসার ও ভিডিপি | ৯,৬৫,০০ | ১০,৮০,২৪ | ১২,০৯,৮৬ | ১৩,৫৫,০৪ |
| ০৫ | কোষ্ট গার্ড অধিদপ্তর | ১,৪৬,০০ | ১,৬৩,৮৯ | ১,৮৩,৫৫ | ২,০৫,৫৭ |
| | মোট | ৬৫১,৮১,০০ | ৭৩০,৭৩,০০ | ৮১৮,৪১,০০ | ৯১৬,৬২,০০ |

**ছক-‘ঢ়’**

পরিচালন ও উন্নয়ন বাজেট প্রক্ষেপন (অংকসমূহ হাজার টাকায়)

| নং | জননিরাপত্তা বিভাগ/দপ্তর/অধিদপ্তর | প্রক্ষেপন ২০২০-২০২১ | প্রক্ষেপন ২০২১-২০২২ | প্রক্ষেপন ২০২০-২০২১ | প্রক্ষেপন ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|
| | | পরিচালন | | উন্নয়ন | |
| ০১ | জননিরাপত্তা বিভাগ | ২৪৪,৫৪,৭৯ | ২৬১,৬৬,৬২ | ৭৮,০০ | ৮০,০০ |
| ০২ | উপদেষ্টা বোর্ড | ১১,৯৮ | ১১,৯৮ | - | - |
| ০৩ | তদন্ত সংস্থা | ১৭,৮৭,৪০ | ১৯,১২,৫২ | - | - |
| ০৪ | এনটিএমসি | ২২৪,৫২,৭৮ | ২৪০,২৪,৪৭ | ২০,০০,০০ | ২৫,০০,০০ |
| ০৫ | ইন্টারপোল | ৭০,০০ | ৭০,০০ | - | - |
| ০৬ | বাংলাদেশ পুলিশ | ১৫৮৪৮,৪৪,৪২ | ১৬৯৫৭,৯০,৮৮ | ৬৩০,০০,০০ | ৬৭০,০০,০০ |
| ০৭ | বর্ডার গার্ড বাংলাদেশ | ৩৮২০,৯৩,৬০ | ৪০৮৮,৪০,১৫ | ২৪০,০০,০০ | ২৬০,০০,০০ |
| ০৮ | কোষ্ট গার্ড অধিদপ্তর | ৭০৫,৪৯,৩০ | ৭৫৪,৮৭,৭৫ | ২৬০,০০,০০ | ২৮০,০০,০০ |
| ০৯ | আনসার ও ভিডিপি | ১৮১৬,৬২,৭০ | ১৯৪৩,৭৯,০৯ | ১১৫,০০,০০ | ১৩০,০০,০০ |
| | মোট= | ২২৬৭৯,২৬,৯৭ | ২৪২৬৬,৮৩,৪৬ | ১২৬৫,৭৮,০০ | ১৩৬৫,৮০,০০ |
| ১০ | উন্নয়ন কর্মসুচি | -- | -- | -- | -- |
| | থোক | | | ৮০,১৫,০৩, | ৭৪,৩৪,৫৪ |
| | মোট পরিচালন | ২২৬৭৯,২৬,৯৭ | ২৪২৬৬,৮৩,৪৬ | ১৩৪৫,৯৩,০৩ | ১৪৪০,১৪,৫৪ |

চলমান পাতা-৪

০৬। সভায় প্রকল্প বাস্তবায়নে গুরুত্বপূর্ন বিষয়সমূহকে প্রাধান্য দিতে এবং দপ্তর/অধিদপ্তরের অতিরিক্ত চাহিদার বিষয়ে সভাপতি মহোদয় সম্পদের সীমাবদ্ধতার বিষয়টি সকলকে স্মরণ করিয়ে দেন। আর্থসামাজিক সার্বিক বিষয় বিবেচনায় রেখে মিতব্যয়িতার সাথে দক্ষতা ও ফলপ্রসু কর্ম পদ্ধতি অনুসরণ করে দায়িত্ব পালনের জন্য তিনি সকলের প্রতি আহবান জানান। তিনি বলেন অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত বাজেট সিলিং এর বেশী অর্থ বরাদ্দের বিষয়টি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতা বর্হিভূত। তবে দেশের আইন শংখলা সুচারুরূপে পরিচালনা,জনগনের জানমালের নিরাপত্তা বিধান, সীমান্তে নিরাপত্তা ও চোরাচালান বন্ধ, পুলিশসহ বিভিন্ন বাহিনীতে জনবল বৃদ্ধি, নতুন নতুন ইউনিট সৃজন নারী ও শিশু পাচার রোধ বর্তমান সরকারের অঙ্গীকার অগ্রণী ও দ্রুত সেবা প্রদানের লক্ষ্যে বাজেট সিলিং বর্ধিতকরণের বিষয়ে অর্থ বিভাগের সাথে আলাপ আলোচনার বিষয়টি সভায় উত্থাপিত হয়।

০৭। সভায় রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ও প্রাথমিক ব্যয়সীমার খসড়া প্রস্তাবের উপর বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

(ক) সভায় প্রস্তাবিত ২০১৮-২০১৯ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং আগামী ২০১৯-২০২০ অর্থবছরের জন্য অনুন্নয়ন ও উন্নয়ন উভয় খাতে অতিরিক্ত অর্থ বরাদ্দের বিষয়ে অর্থ বিভাগকে অনুরোধ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) বাজেট কাঠামোর আওতায় প্রাপ্ত বিভিন্ন প্রস্তাবনা/সংযোজন/সংশোধণ বিষয়ে যৌক্তিকতাসহ পর্যালোচনাপূর্বক বাস্তবধর্মী প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।।

(ঘ) অনুন্নয়ন ও উন্নয়ন উভয় বাজেটের ২০২০২০-২০২১ ও ২০২০-২০২১ অর্থবছরের প্রক্ষেপন যৌক্তিকতাসহ প্রকৃত চাহিদা নিরুপণ করে বাস্তব ভিত্তিক প্রক্ষেপন সংশোধনী আকারে অর্থ বিভাগে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঙ) জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন দপ্তর/অধিদপ্তর এর মধ্যে বাংলাদেশ পুলিশ, বর্ডারগার্ড বাংলাদেশ, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, বাংলাদেশ কোস্টগার্ড, এনটিএমসি এবং আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুন্যাল ও তদন্ত সংস্থার অতিরিক্ত চাহিদা বাবদ পরিচালন ও উন্নয়ন উভয় খাতে নতুন ইউনিট সৃজন এর ফলে পরিচালন ও উন্নয়ন ব্যয় বৃদ্ধি পাওয়ায় প্রকৃত বাজেট চাহিদা যৌক্তিকতা সহকারে চলতি ২০১৮-২০১৯ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০১৯-২০২০ অর্থবছরের প্রাক্কলন, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ অর্থবছরের প্রক্ষেপন সংশোধনীর জন্য প্রকৃত চাহিদা প্রস্তাব আকারে/ডিও লেটারের মাধ্যমে অর্থ বিভাগে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

০৭। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(মোস্তাফা কামাল উদ্দীন)
সচিব
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি, জননিরাপত্তা বিভাগ।

বিতরণঃ

১। --------------------------------------------------------------দপ্তর/অধিদপ্তর প্রধান সকল।
২। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৩। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব, রাজনৈতিক ও আইসিটি/ প্রশাসন ও অর্থ/পুলিশ ও এনটিএমসি/আসী/আইন ও শৃংখলা/ উন্নয়ন, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৫। অতিরিক্ত সচিব(বাজট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৬। পরিচালক, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার(এনটিএমসি), তেজগাঁও, ঢাকা।
৭। উপসচিব (প্রশাসন-২), জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সিজিএ ভবন,সেগুন বাগিচা,ঢাকা।
৯। সিনিয়র সহকারী সচিব, বাজেট-২ শাখা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

(আবু নাছের ভুঁঞা)
উপসচিব
ফোনঃ ৯৫৪৬৬২৭

নং-৪৪.০০.০০০০.০২৪.০৫.০১৯.২০১৮- ৮৭/১(৫)
তারিখঃ ২৮/০১/২০১৯খ্রিঃ

অনুলিপিঃ-সদয় জ্ঞার্তার্থে ও কার্যার্থে

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩। সহাকারী প্রোগ্রামার, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা(জননিরাপত্তা বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৫। যুগ্মসচিব (বাজেট) মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

(আবু নাছের ভুঁঞা) ২৮/০১/১৯
উপসচিব